বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩২৩

তারিখ: ১৮ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
০৩ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ৩ অক্টোবর, ২০২২ তারিখ রোজ সোমবার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাল্টিপারপাস হলে 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ' এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। IOSCO এর সদস্য দেশ হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ২০১৭ সাল থেকে প্রতিবছর 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ' পালন করে আসছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব আব্দুর রউফ তালুকদার এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ।

অনুষ্ঠানের প্রারম্ভে শুভেচ্ছা বক্তব্য রাখেন বিএসইসি কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, "আজকের আয়োজনটি আমাদের ৬ষ্ঠ বিনিয়োগকারী সপ্তাহ আয়োজন"। বিনিয়োগকারীদের বিনিয়োগকে নিরাপদ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা এজন্য বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে প্রশিক্ষণ, কর্মশালাসহ বিভিন্ন ধরনের সচেতনতামূলক কার্যক্রম ও উদ্যোগ নিয়েছি। বিনিয়োগ শিক্ষাকে জাতীয় পাঠ্যক্রমে অন্তর্ভুক্তকরণের মাধ্যমে বিনিয়োগ শিক্ষাকে আমরা সবার দোরগোড়ায় পৌছে দেয়ার উদ্যোগ নিচ্ছি"।

এরপর ফেয়ার কানাডার নির্বাহী পরিচালক Jean-Paul Bur eaud ভার্চুয়ালি অনুষ্ঠানে যোগদান করেন। তিনি অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন। মূল প্রবন্ধে তিনি বিনিয়োগকারীদের সচেতনতা ও সুরক্ষার বিষয়ে তথ্যবহুল আলোচনা করেন।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের নির্বাহী পরিচালক মো. সাইফুর রহমানের সঞ্চালনায় প্যানেল আলোচনায় অংশ নেন কমিশনের নির্বাহী পরিচালক মোহাম্মদ রেজাউল করিম, বিএমবিএ (BMBA) এর প্রেসিডেন্ট মো. ছায়েদুর রহমান, ডিবিএ (DBA) এর প্রেসিডেন্ট রিচার্ড ডি' রোজারিও এবং বিএপিএলসি (BAPLC) এর সেক্রেটারি জেনারেল মো. আমজাদ হোসেন।

বিশেষ অতিথির বক্তব্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ অন্যানের মধ্যে পুঁজিবাজারের উন্নয়নে সরকারের বিভিন্ন উদ্যোগ গ্রহণের কথা উল্লেখ করেন এবং বিশেষ করে সরকারি বন্ড সহ কর্পোরেট বন্ড মার্কেটের উন্নয়নের উপর অধিক গুরুত্বারোপ করেন। তিনি বলেন, "উন্নত দেশগুলোতে বন্ড মার্কেটই বড় কিন্তু আমাদের এখানে বন্ড মার্কেটের আকার তেমনটি নয়। আমাদের দেশ এখন মধ্যম আয়ের দেশ, আমরা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করছি। আমাদের এই উন্নয়ন-অগ্রগতির পথে শক্তিশালী পুঁজিবাজারের উপযোগিতা রয়েছে। পুঁজিবাজারের উন্নতি পথে বিদ্যমান সমস্যা গুলো খুজে বের করে সেসব সমাধানে আমাদের কাজ করতে হবে"

প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব আব্দুর রউফ তালুকদার বলেন, "আমরা বাংলাদেশের মুদ্রা বাজারের নিয়ন্ত্রক সংস্থা। দেশের পুঁজিবাজারের কল্যাণে যা কিছু সহযোগিতা প্রয়োজন আমরা সেটা করবো। আমাদের দেশে শুধু ইক্যুইটি বা শেয়ারমার্কেট-টাই বেড়ে উঠেছে কিন্তু ডেবট বা বন্ড মার্কেট বেড়ে উঠেনি। দেশের

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

পুঁজিবাজার ভাল অবস্থানে উঠে আসলে সকলেই লাভবান হবে। আমাদের দেশে ব্যাংকগুলোর ব্যবসাও আরো উন্নয়নের মুখ দেখবে যদি ভালো পুঁজিবাজার তৈরি করা যায়। এখন উদ্যোক্তারা স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদী সব ধরণের পুজি সংগ্রহ করে থাকেন ব্যাংক লোনের মাধ্যমে। পুঁজিবাজারের উন্নয়ন হলে উদ্যোক্তারা দীর্ঘমেয়াদী পুজির জন্য পুঁজিবাজারের সহায়তা নিতে পারবেন। যার ফলে দীর্ঘমেয়াদী অর্থায়নে ব্যাংক নির্ভরতা কমবে এবং ব্যাংক লোনের উপর ও নন পারফরমিং লোনের যে ঝুকি তাও হ্রাস পাবে। ইসলামী ব্যাংকগুলোর অতীতে এই খাতে তেমন সুযোগ ছিল না, কিন্তু সুকুক বন্ডের মাধ্যমে সেই সুযোগ ও এখন তৈরি হয়েছে"। সরকারি সিকিউরিটিজ অতি শীঘ্রই বিও হিসাবের মাধ্যমে স্টক এক্সচেঞ্জ প্লাটফরমের মাধ্যমে পরীক্ষামূলকভাবে চালু হবে বলে তিনি জানান। পুঁজিবাজারসহ বন্ড মার্কেটের উন্নয়নে তার সার্বিক সহযোগিতা অব্যাহত রয়েছে বলে তিনি উল্লেখ করেন। এরপর তিনি 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০২২' এর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম পুঁজিবাজারের উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের গর্ভনর জনাব আব্দুর রউফ তালুকদার এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ এর নেয়া নানা উদ্যোগ ও সহযোগিতার ভূয়সী প্রসংশা করে বলেন, "দেশের মানুষ সৌভাগ্যবান যে গর্ভনর ও সচিব মহোদয়ের মতো যোগ্য ব্যক্তিগণ দেশের অর্থনীতির জন্য কাজ করছেন"। পুঁজিবাজারের বিষয়ে তিনি বলেন, "বাজার স্থিতিশীল করতে আমরা ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড গঠন করেছি যা পুঁজিবাজারের তারল্য বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করছে। এছাড়াও এই ফান্ডের কল্যাণে অতীতে যারা বিভিন্ন কারণে লভ্যাংশ পায়নি, তাদেরকে এখন লভ্যাংশ পরিশোধ করা হচ্ছে। অন্যান্যের মধ্যে তিনি আরো উল্লেখ করেন মাননীয় প্রধানমন্ত্রী সকল সময় পুঁজিবাজার বিষয়ে খোজ রাখেন এবং উনার নির্দেশনা মোতাবেক কমিশন পুঁজিবাজারের উন্নয়নে কাজ করছে।

[signature] 03-10-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


ORLD INVESTOR WEEK 2022
OPENING CEREMONY
Mr. Abdur Rouf Talukder
Governor, Bangladesh Bank
Mr. Sheikh Mohammad Salim Ullah
Secretary, Financial Institutions Division, Ministry of Finance
Shibli Rubayat-Ul-Islam
Bangladesh Securities and Exchange Commission
03 OCTOBER 2022
-PURPOSE HALL ROOM, BSEC, TIME: 02:30 PM
curities and Exchange Commission


WORLD INV
Chief Guest
Special Guest


WORLD INVESTOR WEEK 2022
OPENING CEREMONY
hief Guest : Mr. Abdur Rouf Talukder
Governor, Bangladesh Bank
cial Guest : Mr. Sheikh Mohammad Salim Ullah
Secretary, Financial Institutions Division, Ministry of Finance
: Professor Shibli Rubayat-Ul-Islam
Securities and Exchange Commission
3 OCTOBER 2022
SE HALL ROOM, BSEC, TIME: 02:30 PM
ities and Exchange Commission




WORLD INVESTOR WEEK 2022
OPENING CEREMONY
Chief Guest : Mr. Abdur Rouf Talukder
Governor, Bangladesh Bank
Special Guest :